

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা)
www.dme.gov.bd

“শিক্ষা নিয়ে
গড়ব দেশ, শেখ
হাসিনার
বাংলাদেশ”

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০২.০৮৩.১৭.১৭

তারিখ: ২৩ আশ্বিন ১৪২৪

০৮ অক্টোবর ২০১৭

বিষয়: জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন পূর্ব খুরী দাখিল মাদরাসার এমপিও
সাময়িকভাবে বন্ধ করা প্রসঙ্গে

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-র স্মারক নং বামাশিবো/রিক/মেলান্দহ-
জামালপুর-১৫২/৫৩১/৮, তারিখ: ২৫.০৯.২০১৭খি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন পূর্ব খুরী দাখিল মাদরাসা থেকে ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের জেডিসি পরীক্ষায় এবং ২০১৬ ও ২০১৭ সালে দাখিল পাবলিক পরীক্ষায় কোন শিক্ষার্থী অংশ গ্রহণ না করায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড উক্ত মাদরাসার দাখিল স্তরের স্বীকৃতি বাতিল করেছে মর্মে সূত্রোক্ত পত্রে উল্লেখ রয়েছে।

জনবল কাঠামো ও এমপিও নির্দেশিকা ২০১০ (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর অনুচ্ছেদ ৫ মোতাবেক কোন প্রতিষ্ঠানের এমপিও প্রাপ্তির ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের স্বীকৃতি থাকা, কাম্য সংখ্যক শিক্ষার্থী থাকা এবং কাম্য ফলাফল অর্জন করা অন্যতম শর্ত।

জনবল কাঠামোর অনুচ্ছেদ ১৮ (১) (ক) অনুযায়ী এসব আবশ্যিকীয় শর্ত পূরণ না থাকায় বর্ণিত জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন পূর্ব খুরী দাখিল মাদরাসার এমপিও সাময়িকভাবে বন্ধ করে কেন তা স্থায়ীভাবে বাতিল করা হবে না এই মর্মে নোটিশ করার জন্য মহোদয়ের অনুমতি আবশ্যিক।

এমতাবস্থায়, উক্ত জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন পূর্ব খুরী দাখিল মাদরাসার এমপিও সাময়িকভাবে বন্ধ করে কেন তা স্থায়ীভাবে বন্ধ করা এই মর্মে কারণ দর্শানোর জন্য সুপারকে নোটিশ প্রদান করার অনুমতি প্রদানের জন্য মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।



৮-১০-২০১৭

মোঃ বিল্লাল হোসেন
মহাপরিচালক

সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ



৮-১০-২০১৭

ড. মোঃ আঃ মান্নান মোল্লা
সহকারী পরিচালক